দৈনিক জনকণ্ঠ

তারিখ JUL 23 1999
পৃষ্ঠা 2 কলাম ৫

# শিক্ষক সমিতি ফেডারেশনের প্রতিনিধিসভায় আন্দোলন কর্মসূচী ঘোষণা

সকল বেসরকারী শিক্ষক-কর্মচারীর বেতন ২০ ভাগ বাড়িয়ে ১০০ ভাগে উন্নীতকরণ, সরকারী, বেসরকারী স্কুল-কলেজ শিক্ষকদের পদোন্নতিসহ অন্যান্য দাবিতে আন্দোলন শুরু করা হচ্ছে। বৃহস্পতিবার অনুষ্ঠিত বাংলাদেশ শিক্ষক সমিতি ফেডারেশনের জাতীয় প্রতিনিধিসভায় আন্দোলনের কর্মসূচী ঘোষণা করা হয়।

সভায় ফেডারেশন সভাপতি শেখ আমানুল্লাহ সভাপতিত্ব করেন। আলোচনা করেন ফেডারেশনের সেক্রেটারি জেনারেল কাজী ফারুক আহমেদ, কলেজ শিক্ষক সমিতির সভাপতি অধ্যক্ষ একেএম জহিরুল ইসলাম, সরকারী কলেজ শিক্ষক পরিষদের সভাপতি অধ্যক্ষ আলী আকবর খান, বাংলাদেশ শিক্ষক সমিতির মহাসচিব মোঃ সেলিম ভূঁইয়া, সরকারী মাধ্যমিক শিক্ষক সমিতির মহাসচিব মোহাম্মদ তোয়াহা প্রমুখ।

আন্দোলন কর্মসূচীতে রয়েছে পয়লা আগস্টের মধ্যে প্রধানমন্ত্রীর কাছে স্মারকলিপি পেশ, ২ থেকে ১০ আগস্ট থানা ও জেলা পর্যায়ে সকল স্কুল-কলেজে ছাত্র, শিক্ষক, অভিভাবক, পরিচালকমণ্ডলী, পেশাজীবী গ্রুপ ও সংসদ সদস্যদের সঙ্গে মতবিনিময়, ১২ আগস্ট সাংবাদিক সম্মেলন, ১৪ থেকে ৩১ আগস্টের মধ্যে ছয়টি বিভাগীয় সদরে শিক্ষক সমাবেশ অনুষ্ঠান ইত্যাদি। -বিজ্ঞপ্তি।